ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন
স্টেশন প্রকৌশলী
উপ-স্টেশন প্রকৌশলী
সহকারী বেতার প্রকৌশলী

(১৮-১২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.২৩.০০৩.১৯. ২০৮৮ তারিখ: ০৭/০২/২০২১

**বিষয়: মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত বছরব্যাপী কর্মসূচী।**

**সূত্র: বাংলাদেশ বেতার, সদর দপ্তরের পত্র নং: ১৫.৫৩.০০০০.০০১.০২১.০০৩.২০২১.০৫, তারিখ: ০৪.০২.২০২১ খ্রিস্টাব্দ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত নিম্নবর্ণিত ছক মোতাবেক বছরব্যাপী জাতীয় কর্মসূচী পালনের জন্য অনুরোধ জানানো হলো :

| ক্রমিক নং | জাতীয় কর্মসূচীর ক্রমিক | বছরব্যাপী বেতারের কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | ০৫ | সকল আঞ্চলিক কেন্দ্র/প্রচার ইউনিট কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী অনুষ্ঠান পরিকল্পনা প্রণয়ন করে পত্র প্রাপ্তির ০১(এক) কর্মদিবসের মধ্যে হার্ডকপি ও সফটকপি (নিকস ফন্টে এম এস ওয়ার্ড এ) ই-মেইলে (adppho@)gmail.com) সদর দপ্তরে প্রেরণ। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/কৃষি বিষয়ক কার্যক্রম/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল, বাংলাদেশ বেতার, ঢাকা।<br>৩। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম। |
| ০২. | ১৬ | কেন্দ্রীয়ভাবে বীর মুক্তিযোদ্ধা মহাসমাবেশের কর্মসূচী বহিঃধারণ/সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।<br>৩। উপ-পরিচালক (সরাসরি সম্প্রচার), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| ০৩. | ১৮ | আঞ্চলিক কেন্দ্রসমূহ তার অধিভুক্ত অঞ্চলে বীর মুক্তিযোদ্ধা মহাসমাবেশের কর্মসূচী বহিঃধারণ/সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।<br>৩। উপ-পরিচালক (সরাসরি সম্প্রচার), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| ০৪. | ২০ | জেলা, উপজেলা ও নগর পর্যায়ে সুবর্ণজয়ন্তী সৌধ/মিনার/কলাম নির্মাণের তথ্য প্রচারের ব্যবস্থা গ্রহণ। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম। |
| ০৫. | ২৬ | মুক্তিযুদ্ধে অবদানের জন্য সম্মাননা পাওয়া বিদেশী বন্ধুদের সাক্ষাৎকার গ্রহণ, প্রচার ও আর্কাইভকরণ। | ১। পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার।<br>২। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| ০৬. | ২৭ | মিত্র বাহিনীর নিহত সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ কাজের উদ্বোধন (আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া)। বাংলাদেশ ও ভারতের মাননীয় প্রধানমন্ত্রী ২৬ মার্চ ২০২১ তারিখে যৌথভাবে উদ্বোধন করতে পারেন। এ বিষয়ে বাংলাদেশ বেতার তথ্য সংগ্রহ ও প্রচার করবে। | ১। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।<br>২। আঞ্চলিক পরিচালক, সিলেট/কুমিল্লা।<br>৩। উপ-পরিচালক (সরাসরি সম্প্রচার), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| ০৭. | ২৮ | ভারতের ত্রিপুরায় বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থলে স্মৃতিস্তম্ভ নির্মাণের তথ্যাদি বাংলাদেশ বেতারে প্রচার। | পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার। |
| ০৮. | ৩১ | সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ স্মরণিকা/স্মারক গ্রন্থ প্রকাশ | আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ০৯. | ৩৬ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ ডকুমেন্টারি নির্মাণ ও প্রচার। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।<br>৩। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম। |
| ১০. | ৪১ | জীবিত বিশিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে আলোচনা/ সাক্ষাৎকার এর আয়োজন ও প্রচার। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম। |
| ১১. | ৪৩ | সকল কার্যক্রম বাস্তবায়নের তথ্য বছরব্যাপী ব্যাপক প্রচারের ব্যবস্থা করা। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম। |
| ১২. | ৪৯ | দেশাত্মবোধক সঙ্গীতের মাধ্যমে বছরব্যাপী আয়োজনের সমাপ্তি ঘোষণা। | ১। সকল আঞ্চলিক পরিচালক।<br>২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম। |

২। বর্ণিত সকল অনুষ্ঠান প্রচার এবং আর্কাইভিং এ সংরক্ষণের জন্য ট্রান্সক্রিপশন সার্ভিসে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: যথাবর্ণিত।

(সালাহউদ্দিন আহমেদ)
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন নং: ০২-৪৪৮১৩০৬৭
Email: salahuddinadg@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। পরিচালক, কৃষি বিষয়ক কার্যক্রম/বাণিজ্যিক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার।
২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
৩। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (আদেশটি বেতারের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধকল্পে)।
৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/রাঙামাটি/কক্সবাজার/বান্দরবান/কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।

অনুলিপি: (সদয় অবগতিকল্পে)।

১। জনাব মো: ছালাহ উদ্দিন, উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। জনাব নাসরুল্লাহ মো: ইরফান, উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-২), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, সদর দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৪। গার্ড ফাইল।